

“শেখ হাসিনার উদ্যোগ,  
ঘরে ঘরে বিদ্যুৎ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)  
বিদ্যুৎ বিভাগ  
আইইবি ভবন (লেভেল ৯ ও ১০), রমনা, ঢাকা-১০০০  
[www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd)

নং: ২৭.০২.০০০০.০২২.১৮.০০১.২২-৭৪

তারিখ: ১৮ এপ্রিল ২০২৪ খ্রিঃ

### ৬ষ্ঠ জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার বিজ্ঞপ্তি

জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা-২০১৬ এবং জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা-২০২৩ অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানির বৃহৎ ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহে জ্বালানির দক্ষ ও শাস্ত্রীয় ব্যবহার চিহ্নিত এবং নিশ্চিত করতে স্রেডা দেশে পর্যাপ্ত সংখ্যক জ্বালানি নিরীক্ষক তৈরীর লক্ষ্যে ৬ষ্ঠ জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা আয়োজন করতে যাচ্ছে।

২. জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা-২০২৩ অনুযায়ী জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় অংশগ্রহণের নিম্নবর্ণিত যেকোনো যোগ্যতা থাকতে হবে, যথা:-

- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ২ (দুই) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ১ (এক) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতকসহ প্রকৌশল অথবা ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ৩ (তিন) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ পদার্থ বিদ্যা, গণিত শাস্ত্র, রসায়ন শাস্ত্র বা সংশ্লিষ্ট যে কোনো ফলিত বিজ্ঞান বিষয়ে স্নাতকসহ নবায়নযোগ্য বা বিকল্প জ্বালানি বা টেকসই জ্বালানি বা জ্বালানি ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ৬ (ছয়) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে ডিপ্লোমা।

৩. উক্ত পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী যথাযথ যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের **আগামী ৩০ এপ্রিল ২০২৪ খ্রিঃ** তারিখের মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে।

অনলাইন আবেদন ফরমের লিংক: <https://forms.gle/ovhbTaxdZSDcu4HK6>

৪. উল্লেখ্য, আবেদন প্রাপ্তির পর স্রেডা কর্তৃক যাচাইয়ের মাধ্যমে প্রাথমিকভাবে যোগ্য আবেদনকারী নির্বাচন করা হবে। পরবর্তীতে প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারী কর্তৃক পরীক্ষা এবং আবেদন ফি বাবদ মোট ১২,০০০/- (বারো হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদান সাপেক্ষে চূড়ান্তভাবে যোগ্য পরীক্ষার্থী নির্বাচন করা হবে। এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত যোগ্যতা অনুসারে ন্যূনতম যোগ্যতাসম্পন্ন না হলে আগ্রহী প্রার্থীদের আবেদন করতে নিরুৎসাহিত করা হচ্ছে।

৫. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত প্রার্থীদের অভিজ্ঞতার সময়কাল গণনা করা হবে।

৬. অনলাইনে আবেদনের সময় সদ্য তোলা ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও সংশ্লিষ্ট অভিজ্ঞতার সনদ/ প্রমাণক এর কপি সংযুক্ত করতে হবে।

৭. অনলাইনে অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮. প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীর তালিকা এবং ফি জমাদানের প্রক্রিয়া পরবর্তীতে যথাসময়ে স্রেডা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৯. চূড়ান্তভাবে যোগ্য পরীক্ষার্থীদের তালিকা, পরীক্ষার তারিখ, স্থান ও সময়সূচি পরবর্তীতে স্রেডার ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই বিজ্ঞাপন বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে।

স্বা/-

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)

সহকারী পরিচালক

জ্বালানি নিরীক্ষা ও এক্রিডিটেশন